সংবাদ

তারিখ 19 SEP 2017
পৃষ্ঠা ১৫ কলাম ৬

# জাতীয়করণ করা হলো ১২ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

নিজস্ব বার্তা পরিবেশক

ঢাকার চারটি মডেল স্কুল অ্যান্ড কলেজসহ দেশের ১২টি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়কে সরকারি করা হয়েছে। গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এ সংক্রান্ত আদেশ জারি করে।

সরকারি হওয়া শিক্ষা প্রতিষ্ঠানগুলো রাজধানীর মোহাম্মদপুর মডেল স্কুল অ্যান্ড কলেজ, মিরপুরের রূপনগর মডেল স্কুল অ্যান্ড কলেজ, লালবাগ মডেল স্কুল অ্যান্ড কলেজ এবং শ্যামপুর মডেল স্কুল অ্যান্ড কলেজ। ঢাকার বাইরের আটটি শিক্ষা প্রতিষ্ঠান হলো- চট্টগ্রাম মডেল স্কুল অ্যান্ড কলেজ, রাজশাহী মডেল স্কুল অ্যান্ড কলেজ, রাজশাহী শিক্ষা বোর্ড মডেল স্কুল অ্যান্ড কলেজ, বরিশাল মডেল স্কুল অ্যান্ড কলেজ, খুলনা মডেল স্কুল অ্যান্ড কলেজ, সিলেট মডেল স্কুল অ্যান্ড কলেজ, কুমিল্লা শিক্ষা বোর্ড মডেল কলেজ ও যশোর শিক্ষা বোর্ড মডেল স্কুল অ্যান্ড কলেজ। সরকারি করা এসব শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত কোন শিক্ষক অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে বদলি হতে পারবেন না বলে শিক্ষা মন্ত্রণালয়ের উপ সচিব আলী সাজ্জাদ হোসেন স্বাক্ষরিত আদেশে বলা হয়েছে।